**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 28-04-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) গত ২৪ ঘন্টার ঝড় বৃষ্টিতে রাজ্যের বিভিন্ন স্থান থেকে বেশ কিছু ক্ষয়ক্ষতির সংবাদ পাওয়া গেছে। খোয়াই ও পশ্চিম জেলায় লাল সতর্কতা জারি।**

**(২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, রাজ্য সরকার দুর্যোগ মোকাবিলায় সর্বাত্মকভাবে কাজ করছে এবং ক্ষতিগ্রস্ত মানুষের পাশে থেকে সব ধরনের সহায়তা প্রদানে বদ্ধপরিকর।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ বলেছেন, কেন্দ্রীয় সরকার সিকিমে যোগাযোগ এবং পরিকাঠামোর উন্নতিতে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়েছে।**

**(৪) অনূর্ধ্ব ১৬ বছরের অস্মিতা ফুটবল সিটি লিগে পানিসাগরের ত্রিপুরা স্পোর্টস স্কুল চ্যাম্পিয়ন।**

****************************************

**Strom :**

গত ২৪ ঘন্টার ঝড় বৃষ্টিতে রাজ্যের বিভিন্ন স্থান থেকে বেশ কিছু ক্ষয়ক্ষতির সংবাদ পাওয়া গেছে। পশ্চিম জেলার দায়িত্বপ্রাপ্ত জেলা শাসক অরুপ দেব জানিয়েছেন, আজ সকালের ঝড় বৃষ্টিতে পশ্চিম জেলার ৩টি মহকুমায় বেশ কিছু বাড়িঘর ক্ষতিগ্রস্ত হয়েছে। এরমধ্যে সদরে ১৫৩টি আংশিক ও ২৭টি ঘর সম্পূর্ণ ক্ষতিগ্রস্ত হয়েছে। মোহনপুর মহকুমায় ৩৪টি ঘর আংশিক এবং দুটি ঘর সম্পূর্ণ ক্ষতিগ্রস্ত হয়েছে। জিরানিয়ায় ১৮টি ঘর আংশিক ক্ষতিগ্রস্ত হয়েছে।

আজ সকালের কালবৈশাখী ঝড়ে গোমতী জেলার তিন মহকুমা-উদয়পুর, অমরপুর ও করবুকের বিস্তীর্ণ এলাকায় জনজীবন বিপর্যস্ত হয়ে পড়ে। ঝড়ের তান্ডবে বহু এলাকায় বিদ্যুৎ পরিষেবার ব্যাপক ক্ষতি হয়েছে। গোমতী জেলায় বিদ্যুৎ নিগমের অতিরিক্ত জেনারেল ম্যানেজার নন্দিতা দাস জানিয়েছেন, বিদ্যুৎ পরিষেবা স্বাভাবিক করতে বিদ্যুৎকর্মীরা নিরলসভাবে কাজ করছেন।

প্রবল ঝড় ও বৃষ্টিতে খোয়াই এবং তেলিয়ামুড়া মহকুমার বিভিন্ন স্থানে বৈদ্যুতিক তার এবং মানুষের ঘরবাড়ির উপর গাছ ভেঙে পড়ে। তাতে খোয়াই মহকুমার লালছড়া, গনকী, অজগরটিলা ইত্যাদি এলাকায় কিছু বাড়িঘর ক্ষতিগ্রস্ত হয়।

গতকালের পর আজ সকালের কালবৈশাখীর ঝড় বৃষ্টিতে সিপাহীজলা জেলাতেও বেশ কিছু বাড়িঘর এবং বিদ্যুৎ পরিষেবার ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে। ডিজেস্টার ম্যানেজমেন্টের সিপাহীজলা জেলার প্রোগ্রাম অফিসার সুমেন দেবনাথ জানিয়েছেন, প্রাথমিক হিসেবে অনুযায়ী সিপাহীজলা জেলার তিনটি মহকুমা-জম্পুইজলা, সোনামুড়া ও বিশালগড়ের প্রায় ২৫০টিরও বেশি ঘর ক্ষতিগ্রস্ত হয়েছে।

ঝড়ো হাওয়া ও বৃষ্টির কারণে ঊনকোটি জেলার গ্রীষ্মকালীন সব্জির কিছুটা ক্ষতি হয়। উদ্যানবিদ্যা ও ভূমি সংরক্ষণ বিভাগের উপ-অধিকর্তা পরাগ রায়চৌধুরী জানান, ঊনকোটি জেলাতে প্রায় আশি হেক্টর জমিতে গ্রীষ্মকালীন সবজির চাষ হয়েছিলো। ঝড় বৃষ্টিতে প্রায় পঁচিশ শতাংশ ফসলের ক্ষতি হয়।

ধর্মনগরের মহকুমা শাসক দেবযানী চৌধুরী জানিয়েছেন, গত দুইদিনের ঝড় বৃষ্টিতে ধর্মনগরে ১৪০টি ঘরবাড়ি ক্ষতিগ্রস্ত হয়েছে। বিভিন্ন এলাকায় বিদ্যুৎ পরিষেবা স্বাভাবিক করার জন্য বিদ্যুৎ নিগমের কর্মীরা কাজ করছেন।

প্রাকৃতিক বিপর্যয় মোকাবিলা দপ্তরের দক্ষিন জেলার প্রোগ্রাম অফিসার জীবন কান্তি সরকার জানিয়েছেন, ঝড় বৃষ্টিতে দক্ষিণ জেলার বিলোনিয়া

মহকুমায় ৬১টি, শান্তিরবাজার মহকুমায় ৪৮টি ও সাব্রুম মহকুমায় ২৫টি স্থানে সড়কের উপর গাছ পড়ে যান চলাচল ব্যাহত হয়। শান্তিরবাজার মহকুমায় ৫টি ঘর সম্পূর্ণ ক্ষতিগ্রস্ত, ৬৬টি ঘর আংশিক ক্ষতিগ্রস্ত, বিলোনিয়া মহকুমায় ২৭টি ঘর সম্পূর্ণ, ১৫০টি ঘর আংশিক ক্ষতিগ্রস্ত এবং সাব্রুম মহকুমায় ৫৯টি ঘর আংশিক ক্ষতিগ্রস্ত হয়েছে।

*****************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় খোয়াই ও পশ্চিম জেলায় লাল সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। খোয়াই ও পশ্চিম জেলায় ৬০ থেকে ৮০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া সহ ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করা হয়েছে। তাছাড়া বাকি জেলাগুলিতে বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে।

**************************

**CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, রাজ্য সরকার দুর্যোগ মোকাবিলায় সর্বাত্মকভাবে কাজ করছে এবং ক্ষতিগ্রস্ত মানুষের পাশে থেকে সব ধরনের সহায়তা প্রদানে বদ্ধপরিকর। আজ সামাজিক মাধ্যমে তিনি বলেন, প্রবল ঝড় ও বৃষ্টিতে রাজ্যের বিভিন্ন জেলায় বেশ কিছু বাড়িঘর এবং বিদ্যুৎ পরিষেবা ক্ষতিগ্রস্ত হয়েছে। ক্ষতিগ্রস্তদের সহায়তায় জেলাশাসকগণ ইতিমধ্যেই প্রয়োজনীয় সব ব্যবস্থা গ্রহণ করছেন।

***************************

**Power Minister :**

বিদ্যুৎমন্ত্রী রতন লাল নাথ আজ জনিয়েছেন, প্রবল ঘূর্ণিঝড়ে আগরতলা সহ গোটা রাজ্যেই বিদ্যুৎ পরিষেবা এবং পরিকাঠামো ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। রাজ্যের বিভিন্ন স্থানে বৈদ্যুতিক খুঁটি ভেঙে পড়েছে, বৈদ্যুতিক তার

ছিঁড়ে গিয়েছে। এর ফলে আগরতলা সহ গোটা রাজ্যেই বিদ্যুৎ পরিষেবা বিঘ্নিত হয়েছে। রাজ্য বিদ্যুৎ নিগম লিমিটেডের প্রকৌশলী ও বিদ্যুৎকর্মীরা পরিষেবা স্বাভাবিক করে তুলতে যুদ্ধকালীন তৎপরতায় কাজ করছেন। ডিজাস্টার ম্যানেজমেন্ট দল সহ বেশ কয়েকটি দপ্তরের কর্মীরাও সহযোগিতায় এগিয়ে এসেছেন। প্রাকৃতিক দুর্যোগের এই সময়ে সমস্ত অংশের জনগণকে বিদ্যুৎ নিগমের কর্মীদের সহযোগিতায় এগিয়ে আসার জন্য বিদ্যুৎ মন্ত্রী অনুরোধ জানিয়েছেন।

************************

**Special Talk :**

রাজ্য আবহাওয়ার আগামী পূর্বাভাস নিয়ে আকাশবাণী সংবাদ বিভাগের বিশেষ আলোচনা শোনা যাবে আজ রাত ৯টায় আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে। আলোচনায় অংশ নেবেন আবহাওয়া বিজ্ঞানী সূর্য কুমার ব্যানার্জী।

******************************************

**Ambedkar Birthday :**

তপশিলি জাতি কল্যাণ মন্ত্রী সুধাংশু দাস বলেছেন, রাজ্য সরকার ডঃ বি আর আম্বেদকরের আদর্শকে পাথেয় করে তপশিলি জাতি ভুক্তদের উন্নয়নে কাজ করছে। আজ আগরতলার রবীন্দ্রশতবার্ষিকী ভবনে সংবিধান প্রণেতা ভারতরত্ন ডঃ বি.আর আম্বেদকরের ১৩৬তম জন্মজয়ন্তী উপলক্ষে তপশিলী জাতি কল্যাণ দপ্তর এবং পশ্চিম ত্রিপুরা জেলা প্রশাসনের যৌথ উদ্যোগে আয়োজিত আলোচনাচক্রে তিনি একথা বলেন। তিনি বলেন, সংবিধান প্রনেতা ডঃ বি আর আম্বেদকর শুধু সংবিধানের স্থপতি হিসেবেই নয়, দেশের সামাজিক ন্যায়বিচার ও কল্যাণের এক অন্যতম শক্তি ছিলেন। অনুষ্ঠানে বক্তব্য রাখেন সাংসদ রাজীব ভট্টাচার্য।

**************************

**SHG-World Bank :**

আজ বিকেলে তুলাশিখর ব্লকের স্ব-সহায়ক দল এবং ক্লাস্টার লেভেল ফেডারেশনের দিদিদের সঙ্গে বৈঠক করলেন বিশ্ব ব্যাংকের চার সদস্যের এক প্রতিনিধি দল। প্রতিনিধি দলে ছিলেন ইতালি থেকে আসা কৃষি ও মৎস্যচাষ বিশেষজ্ঞ আলেসান্দ্রা বোরেলো, গ্রামীণ প্রতিষ্ঠানের বরিষ্ঠ আধিকারিক এরিক জেবালস সোরুকো, বিশ্ব ব্যাংকের বরিষ্ঠ পরামর্শদাতা কমলেশ প্রসাদ এবং শৌভিক মিত্র। উপস্থিত ছিলেন তুলাশিখর ব্লক আধিকারিক বিশ্ব দেববর্মা। প্রতিনিধি দল সি এল এফ দিদিদের কাছে জানতে চান স্ব-সহায়ক দলগুলোকে কিসের ভিত্তিতে ঋণ দেওয়া হচ্ছে এবং তারা ঋণ নিয়ে কতটা স্বাবলম্বী হচ্ছেন। এমনকি যথাসময়ে তারা ঋণের অর্থ ফেরত দিচ্ছে কিনা। তুলাশিখর ব্লকের স্ব সহায়ক দলের দিদিদের এবং ক্লাস্টার লেভেল ফেডারেশনের দিদিদের কাজকর্মে সন্তোষ ব্যক্ত করেন বিশ্ব ব্যাংকের প্রতিনিধি দল। আরোও বেশি পরিমাণে স্বনির্ভর গোষ্ঠী তৈরি করার জন্য বিশ্ব ব্যাংকের প্রতিনিধিরা সি এল এফ দিদিদের পরামর্শ দেন।

***************************

**PM Biswakarma :**

ন্যাশনাল স্কিল ডেভেলপমেন্ট কর্পোরেশনের উদ্যোগে এবং কমলপুর মহকুমার আভাঙ্গা মৎস্য দপ্তরের সহায়তায় আজ গারদ টিলা মৎস্য প্রশিক্ষণ সেন্টারে ধলাই জেলাভিত্তিক মাছ ধরার জন্য বিভিন্ন সামগ্রী তৈরীর ৭ দিনের প্রশিক্ষণ শিবিরের আয়োজন করা হয়। শিবিরে পিএম বিশ্বকর্মা অনলাইন পোর্টালে আবেদনকারী ৩৬ জন মাছ চাষী অংশগ্রহণ করেন। উপস্থিত ছিলেন আভাঙ্গা মৎস্য দপ্তরের ভারপ্রাপ্ত তত্বাবধায়ক ডঃ অপু দাস, সালেমা ব্লকের ফিসারি অফিসার অমরজিৎ দেববর্মা, দুর্গা চৌমুহনী ব্লকের ফিসারি অফিসার পল্লবী দাস।

****************************

**World Heritage Day :**

ইন্ডিয়ান বিল্ডিং কংগ্রেস এবং ঊনকোটি জেলা প্রশাসনের উদ্যোগে আজ কৈলাশহর সার্কিট হাউজে বিশ্ব ঐতিহ্য দিবস ২০২৬ উদযাপিত হয়। এবছর দিবসটির ভাবনা "সংঘাত ও দুর্যোগের প্রেক্ষাপটে জীবন্ত ঐতিহ্যের জন্য জরুরি প্রতিক্রিয়া"। বক্তব্য রাখেন ঊনকোটি জেলার অতিরিক্ত জেলা শাসক সাগর শোভন দেবনাথ, ইঞ্জিনিয়ার চিন্ময় দেবনাথ ও কপিল বরণ ভৌমিক। পৌরহিত্য করেন ইন্ডিয়ান বিল্ডিং কংগ্রেস এর ত্রিপুরা কেন্দ্রের প্রাক্তন চেয়ারম্যান ইঞ্জিনিয়ার এম.এস.রায়।

*************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

*************************

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ বলেছেন, কেন্দ্রীয় সরকার সিকিমে যোগাযোগ এবং পরিকাঠামোর উন্নতিতে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়েছে। গ্যাংটকের পালজোর স্টেডিয়ামে রাজ্যের ৫০তম বর্ষ পূর্ণরাজ্য দিবস উদযাপনের সমাপ্তি অনুষ্ঠানে ভাষণ দিতে গিয়ে প্রধানমন্ত্রী সিকিমকে পূর্বের স্বর্গ হিসাবে

বর্ণনা করেন। প্রধানমন্ত্রী সিকিমের বিপুল পর্যটন সম্ভাবনার কথা তুলে ধরেন এবং জনগণের স্বার্থে এই সুযোগগুলিকে রূপ দেয়ার ক্ষেত্রে কেন্দ্রের প্রতিশ্রুতির কথা পুনর্ব্যক্ত করেন। এই অনুষ্ঠানে প্রধানমন্ত্রী আজ সিকিম সহ উত্তর-পূর্বাঞ্চলের জন্য ৪ হাজার কোটি টাকার একাধিক উন্নয়ন প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করেন।

সারাদেশের নাগরিকদের সিকিম ভ্রমণে উৎসাহিত করার পাশাপাশি প্রধানমন্ত্রী ‘ভোকাল ফর লোকাল’ উদ্যোগের চেতনাকে আরও জোরদার করে তাঁদের স্থানীয় পণ্য কেনার আহ্বান জানিয়েছেন।

######Byte-PM######

**************************

**West Bengal-Election :**

পশ্চিমবঙ্গের বিধানসভা নির্বাচনে দ্বিতীয় ও চূড়ান্ত পর্বের ভোট গ্রহণ আগামীকাল। উত্তর কলকাতা, দক্ষিণ কলকাতা, হাওড়া, নদিয়া, উত্তর ২৪ পরগনা, দক্ষিণ ২৪ পরগনা, হুগলি এবং পূর্ব বর্ধমানের মোট ১৪২টি আসনে আগামীকাল ভোটগ্রহণ করা হবে। উল্লেখ্য, গত ২৩শে এপ্রিল প্রথম দফায় ১৫২টি আসনে ভোট গ্রহণ করা হয়। ভোট পড়েছিল ৯৩.১৯ শতাংশ। উল্লেখ্য, কেরলম, আসাম, পশ্চিমবঙ্গ, তামিলনাড়ু এই চারটি রাজ্য এবং একটি কেন্দ্রশাসিত অঞ্চল পুদুচেরি বিধানসভা নির্বাচন এবং ত্রিপুরা সহ কয়েকটি রাজ্যে বিধানসভা উপ-নির্বাচনের ভোট গণনা আগামী চৌঠা মে অনুষ্ঠিত হবে।

************************

**Meghalaya :**

রাজ্যপাল চন্দ্রশেখর এইচ. বিজয়শঙ্করের সম্মতিতে 'মেঘালয় সরকারি ভাষা অধ্যাদেশ, ২০২৬' পাস হয়েছে, যার ফলে ইংরেজির পাশাপাশি খাসি ও গারো মেঘালয়ের সরকারি ভাষা হিসেবে স্বীকৃতি পেয়েছে। মুখ্যমন্ত্রী কনরাড কে. সাংমা আজ সামাজিক মাধ্যমে এখবর জানান।

*************************

**Asmita Football :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত অনূর্ধ্ব ১৬ বছরের অস্মিতা ফুটবল সিটি লিগে পানিসাগরের ত্রিপুরা স্পোর্টস স্কুল চ্যাম্পিয়ন হয়েছে। আজ উমাকান্ত মিনি স্টেডিয়ামে আসরের ফাইনালে পানিসাগরের ত্রিপুরা স্পোর্টস স্কুল ৩-০ গোলে খুম্পুই একাডেমিকে পরাজিত করে।

*************************

**T-20 Cricket :**

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত সমীরণ চক্রবর্তী স্মৃতি ঘরোয়া টি-২০ ক্রিকেট প্রতিযোগিতায় স্ফুলিঙ্গ ক্লাব চ্যাম্পিয়ন হয়েছে। আজ নরসিংগড়ের টিআইটি মাঠে বৃষ্টি বিঘ্নিত ফাইনালে স্ফুলিঙ্গ ক্লাব ৫ উইকেটে জয়নগর ক্রিকেট ক্লাবকে পরাজিত করে। জয়নগর রানার্স ট্রফি পায়।

**********************